**অতীব জরুরী**

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moa.gov.bd

নং:১২.০৩১.০৪০.১০.০০.৭০.২০১৩-০০২

তারিখ: ২৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: বেসরকারি পর্যায়ে ভর্তুকির আওতায় আমদানিকৃত নন- ইউরিয়া সার ডিলারদের নিকট সুষ্ঠুভাবে বিতরণ ও ব্যবস্থাপনা।

সূত্র: বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন'র পত্র নং- বিএফএ/৩০৩/২০০৪ (ভোল- ২১)/২৩৫; তা:২৪.১২.২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ২৩ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত বিএফএ'র ৩১তম সাধারণ সভায় মাঠ পর্যায়ের ডিলারগণ ভর্তুকির আওতায় আমদানিকৃত নন-ইউরিয়া সার প্রাপ্তিতে নানা রকম হয়রানি ও বিলম্বের অভিযোগ উত্থাপিত হয়েছে মর্মে সূত্রোক্ত পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে। এছাড়া মোকাম থেকে সার সরবরাহের ক্ষেত্রে প্রতি বস্তায় ৫/৬ টাকা করে লেবার কস্ট (পরিব্যয়) আদায়ের অভিযোগও রয়েছে।

০২। সরকারের বিপুল অর্থ ব্যয়ের মাধ্যমে ভর্তুকি প্রদানকৃত সার বিক্রয় ও ব্যবস্থাপনা কার্যক্রম সুষ্ঠু ও নির্বিঘ্ন রাখার লক্ষ্যে বিদ্যমান সার ব্যবস্থাপনা আইন, বিধিমালা ও পরিপত্রের নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার নিমিত্ত উল্লেখ করা হলো:

(ক) ২০১৫ সালের নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি সংক্রান্ত পরিপত্র (কপি সংযুক্ত)-এর 'পরিশিষ্ট-খ' ছকে" বেসরকারি আমদানিকারকগণ প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে জেলায় সরবরাহ সংক্রান্ত যাবতীয় তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

(খ) সকল জেলার উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে 'পরিশিষ্ট-গ' ছকে ডিলার কর্তৃক দাখিলকৃত আগমনী বার্তার ভিত্তিতে জেলায় উত্তোলিত সার সম্পর্কিত তথ্য আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

(গ) জেলার ডিলারগণ উত্তোলনকৃত সারের আগমনী বার্তা ও ডেলিভারি অর্ডার (ডিও) এর উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছায়ালিপি সংশ্লিষ্ট সার আমদানিকারকের নিকট দাখিল করবেন।

(ঘ) প্রতিটি ইউনিয়ন/পৌরসভা এলাকার চাহিদা অনুযায়ী বরাদ্দকৃত সার কৃষক পর্যায়ে বিনা হয়রানিতে ও সরকার নির্ধারিত মূল্যে প্রাপ্তি নিশ্চিতকল্পে ডিলার নিজেই আমদানিকারকের নিকট হতে উত্তোলন করবেন। ক্ষেত্র বিশেষে তার প্রতিষ্ঠানের উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্মচারি তা করতে পারবেন, তবে এ ক্ষেত্রে উক্ত কর্মচারির ছবি ডিলার কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

(ঙ) মধ্যস্বত্বভোগী অথবা মৌসুমি সার ব্যবসায়ী বা অন্য কোন ব্যক্তি যাতে কোন ভাবেই আমদানিকারক বা ডিলার হতে সার উত্তোলন করতে না পারে তা নিশ্চিত করতে হবে।

(চ) সরকার নির্ধারিত মূল্য ও প্রফিট মার্জিন (লাভের সীমা) ব্যতিত অন্য কোন নামে অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।

(ছ) জেলার ডিলারদের নিকট সার সরবরাহের ক্ষেত্রে আমদানিকরকগণ কর্তৃক কোন ধরনের স্ব-আরোপিত শর্ত বা প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। উপ-পরিচালকগণ বিষয়টি কঠোর নজরদারিতে রাখবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

Scanned with CamScanner

(জ) জেলাভিত্তিক প্রতি মাসে বরাদ্দকৃত সার ঐ মাসের মধ্যেই উত্তোলন নিশ্চিত করতে হবে। এর কোনরূপ অন্যথা করা যাবে না এবং কোন ডিলার তা না করলে তার ডিলারশিপ বাতিলের কার্যক্রম গ্রহণ করতে হবে।

(ঝ) বেসরকারি আমদানিকারকদের সার বিতরণ ও মজুদের জন্য নির্ধারিত চারটি মোকাম চট্টগ্রাম, নারায়নগঞ্জ, পাবনা ও যশোর জেলায় অবস্থিত বিধায় উক্ত মোকামসমূহে সারের আগমন, মজুদ ও বিতরণ কার্যক্রম নির্বিঘ্নে ও সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপ-পরিচালকগণ সদা তৎপর থাকবেন। প্রয়োজনে ম্যাজিস্ট্রেটের তত্ত্বাবধানে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নিয়োগ করতে হবে।

০৩। উপর্যুক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৭.০২.২০২৫

(আহমেদ ফয়সল ইমাম)
অতিরিক্ত সচিব
ফোন:৫৫১০০৩৫১
ই-মেইল: addlsecinfmm@moa.gov.bd

বিতরণ:

১. চেয়ারম্যান, বিএডিসি, দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. জেলা প্রশাসক.................................................................................(সকল)।
৪. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর......................................................(সকল)।
৫. সভাপতি, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, আল রাজী কমপ্লেক্স, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৬. ..............................................................................., আমদানিকারক, (সকল)।

অনুলিপি:

১. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.০০.০০০০.০৩০.০৪০.১১৫.১৫-৫৮

তারিখ ঃ ১৬/১০/১৪২১ বঃ
২৯/০১/২০১৫ খ্রিঃ

পরিপত্র

বিষয় ঃ নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসৃত হবে ঃ

১। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক আমদানীকৃত, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক উৎপাদিত এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) কর্তৃক নিবন্ধিত আমদানিকারকদের মাধ্যমে নন-ইউরিয়া সার আমদানির ক্ষেত্রে ভর্তুকি কার্যক্রম অব্যাহত থাকবে।

২। যে সকল নন-ইউরিয়া সার ভর্তুকির আওতাভুক্ত হবে বিনির্দেশসহ সেগুলোর বিবরণ নিম্নে প্রদত্ত হলো ঃ

**a. Triple Super Phosphate (TSP)**

**(i) Total Phosphates (as $P_2O_5$) percent by weight. Min. 46.0**
**(ii) Water Soluble Phosphates (as $P_2O_5$) percent by weight. Min. 40.0**
**(iii) Free Phosphoric acid (as $P_2O_5$) percent by weight. Max. 3.0**
**(iv) Moisture percent by weight, max.5.0**

**b. Di-Ammonium Phosphate (DAP)**

**(i) Total Phosphates, (as $P_2O_5$) percent by weight. Min. 46.0**
**(ii) Water Soluble Phosphates (as $P_2O_5$), percent by weight. Min. 41.0**
**(iii) Total nitrogen, all in ammoniacal form, percent by weight, minimum 18.0**
**(iv) Moisture percent by weight, max.1.0**
**(v) The material shall be in the form of free-flowing granules**
**(vi) Particle size-Minimum 90 percent of the material shall pass through 4mm BDS sieve and be retained on 1mm BDS sieve. Not more than 5 percent should be below 1 mm sieve.**

**c. Mono-Ammonium Phosphate (MAP)**

**(i) Total Phosphates (as $P_2O_5$), percent by weight. Min. 46.0**
**(ii) Water Soluble Phosphates (as $P_2O_5$) percent by weight. Min. 41.0**
**(iii) Total nitrogen, all in ammoniacal form, percent by weight, minimum 11.0**
**(iv) Moisture, percent by weight, max.1.0**
**(v) Colour- White/Off white**
**(vi) Physical condition-Powder**

চলমান- ১/৭

Scanned with CamScanner

পরিশিষ্ট-খ

## ভর্তুকির আওতায় আমদানিকৃত টিএসপি, ডিএপি ও এমওপি সারের আমদানিকারক কর্তৃক বিক্রয়ের তথ্য

প্রতিবেদনাধীন মাসের নামঃ ------------------ প্রতিবেদনের তারিখ ঃ - - -

০১। আমদানিকারকের নাম ঃ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

০২। সারের তথ্য ঃ

| সারের নাম | এলসি নং, তারিখ ও ব্যাংকের নাম | যে দেশ হতে আমদানিকৃত | আমদানিকৃত সারের পরিমাণ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

০৩। যে মোকামে সংরক্ষিত তার নাম ঃ

| সারের নাম ও এলসি নং | মোকামের নাম ও সারের পরিমাণ | | | |
|---|---|---|---|---|
| | চট্টগ্রাম | নারায়ণগঞ্জ | নগরবাড়ী | নওয়াপাড়া |
| | | | | |
| | | | | |
| | | | | |

০৪। কোন জেলায় কি পরিমাণ সার বিক্রয় হয়েছে তার বিবরণঃ (বরাদ্দকৃত সারের ক্ষেত্রে)

| সারের নাম ও এলসি নং | এলসি নং ও তারিখ | জেলার নাম | বিক্রিত সারের পরিমাণ(মে. টন) |
|---|---|---|---|
| | | | |

** বরাদ্দের বাইরে (নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় ও ভর্তুকি বিতরণ পদ্ধতির অনুচ্ছেদ-১৫ মোতাবেক) কত পরিমাণ সার বিক্রয় হয়েছে তার বিবরণ ঃ

| সারের নাম | এলসি নং ও তারিখ | ডিলারের নাম ও ঠিকানা | বিক্রিত সারের পরিমাণ(মে. টন) |
|---|---|---|---|
| | | | |

০৫। বিক্রয়বাদে বর্তমান মজুদ(মে. টন)ঃ

| সারের নাম | এলসি নং, তারিখ ও ব্যাংকের নাম | বিক্রিত সারের পরিমাণ | বিক্রয় বাদে বর্তমান মজুদ (মে. টন) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

আমদানিকারকের স্বাক্ষর ও সীল

তারিখ ঃ - - - - - - - - - - -

Scanned with CamScanner

পরিশিষ্ট-গ

## ভর্তুকি প্রদত্ত টিএসপি, ডিএপি ও এমওপি সারের বিক্রয় ও মজুদের তথ্য

জেলার নামঃ প্রতিবেদনাধীন মাসের নামঃ ---------- প্রতিবেদনের তারিখ ঃ -

১।

| সারের নাম | মাসিক অনুমোদিত চাহিদার পরিমাণ (মে. টন) | অতিরিক্ত বরাদ্দ (যদি থাকে) (মে. টন) | ডিলার কর্তৃক উত্তোলিত সারের পরিমাণ | | | মোট উত্তোলিত সারের পরিমাণ (মে. টন) |
|---|---|---|---|---|---|---|
| | | | বিএডিসি | বিসিআইসি | বেসরকারী | |
| | | | | | | |

০৩। ডিলার কর্তৃক বেসরকারী আমদানিকারকদের নিকট হতে সার উত্তোলিত হলে তার বিবরণঃ

| সারের নাম | আমদানিকারকদের নাম | এলসি নং ও তারিখ | উপজেলা ওয়ারী ডিলার কতৃক উত্তোলিত সারের পরিমাণ(মে. টন) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

০৪। জেলার বর্তমান মজুদ

| সারের নাম | মোট মজুদের পরিমাণ (মে. টন) |
|---|---|
| | |

স্বাক্ষর ও সীল
উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
তারিখ ঃ - - - -- - - - - -

Scanned with CamScanner

২৬। এ পদ্ধতি জারীর সাথে সাথে ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত পদ্ধতি বাতিল বলে গণ্য হবে। ইতোপূর্বে জারীকৃত পদ্ধতি বাতিল হওয়া সত্ত্বেও বাতিলকৃত পদ্ধতির অধীন কৃত কর্ম ও গৃহীত ব্যবস্থাদি এমনভাবে চলমান বা অব্যাহত থাকবে যেন উহা এই পদ্ধতির অধীন নিস্পন্নযোগ্য।

২৯/১/১৫

(শেখ বদিউল আলম)
উপ-প্রধান
(কৃষি অর্থনীতিবিদ)
ফোন: ৯৫৪০৬০৬
ই-মেইল : alam.badiul@gmail.com
dcfmm@moa.gov.bd

বিতরণ (কার্যার্থে ) ঃ

১ । চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, দিলকুশা, ঢাকা।
২। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা।
৩ । জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি(------------ সকল)
৪ । উপ-পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য -সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি(সকল)
৫ । চেয়ারম্যান,বিএফএ,আলরাজি কমপ্লেক্স,১৬৬-১৬৭ পুরানা পল্টন,ঢাকা।
(সার আমদানিকারকগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৬। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১ । গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৪। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), খামরবাড়ী,ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৮। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।



Scanned with CamScanner